

তথ্য যোগ করা

যুক্তরাজ্যের পারিবারিক জীবন সম্পর্কে আরও ভালোভাবে জানতে আমাদের সাহায্য করুন

আপনার রুটিন রেকর্ড থেকে তথ্য যোগ করা

সরকারি বিভাগ ও সংস্থাগুলো (যেমন NHS) ইতিমধ্যেই আমাদের সবার সম্পর্কে বিভিন্ন রেকর্ড সংরক্ষণ করে। এই তথ্যের সাহায্যেই তারা বিভিন্ন পরিষেবার পরিকল্পনা করে এবং সেগুলো প্রদান করে। আপনার অনুমতি নিয়ে, আপনার এবং আপনার সন্তানের সম্পর্কে নিচের তথ্যগুলো আপনার স্টাডিতে দেওয়া উত্তরগুলোর সঙ্গে যোগ করতে চাই:

- **স্বাস্থ্য সংক্রান্ত রেকর্ড:** যেমন হাসপাতালে ও GP-এর কাছে যাওয়ার তথ্য, প্রেসক্রিপশন, স্বাস্থ্যগত অবস্থা এবং মৃত্যুর তথ্য।
- **শিক্ষা সংক্রান্ত রেকর্ড:** যেমন পরীক্ষার ফলাফল, স্কুল বা কলেজে উপস্থিতি, বিশেষ শিক্ষার প্রয়োজনীয়তা এবং চাইল্ডকেয়ার পরিষেবা ব্যবহারের তথ্য।
- **সোশ্যাল কেয়ার সংক্রান্ত রেকর্ড:** যেমন সোশ্যাল সার্ভিস, সোশ্যাল ওয়ার্কার এবং সোশ্যাল কেয়ার পরিষেবার সঙ্গে আপনার অভিজ্ঞতার তথ্য।



তথ্য যোগ করার বিষয়ে একটি ছোট ভিডিও দেখতে এখানে ক্লিক করুন:

পপ-আউট: ইংল্যান্ডে শিক্ষা সংক্রান্ত রেকর্ড ব্যবহার করে করা এক গবেষণায় দেখা গেছে, গ্রীষ্মকালে জন্মগ্রহণকারী শিশুরা তাদের ক্লাসের বড় শিশুদের তুলনায় একটা অসুবিধাজনক অবস্থানে থাকতে পারে। এই গবেষণার ফলাফলের ভিত্তিতে ইংল্যান্ডে স্কুলে ভর্তির নীতিতে পরিবর্তন আনা হয়েছিল—এখন শিশুরা চার বছরের পরিবর্তে পাঁচ বছর বয়সে স্কুল শুরু করতে পারে। ওয়েলস, স্কটল্যান্ড এবং উত্তর আয়ারল্যান্ডে আগে থেকেই একই ধরনের নীতি রয়েছে।

আমরা কেন এটি করতে চাই?

রুটিন রেকর্ড থেকে তথ্য যোগ করলে তথ্যের ঘাটতি পূরণ হয় এবং পরিবারগুলো কীভাবে বিভিন্ন পরিষেবা ব্যবহার করে, তার মতো অতিরিক্ত তথ্য পাওয়া যায় - যা গবেষকদের আপনাদের জীবন সম্পর্কে একটি আরও পূর্ণাঙ্গ চিত্র দেয়। এর ফলে আপনার সাক্ষাৎকারে আমাদের এত বেশি প্রশ্নও করতে হবে না।

স্বাস্থ্য, শিক্ষা ও সোশ্যাল কেয়ার সংক্রান্ত রেকর্ড আপনার সার্ভের তথ্যের সঙ্গে মিলিয়ে গবেষকরা নিম্নলিখিত বিষয়গুলো খতিয়ে দেখতে পারেন:

- বাড়ির পরিবেশ এবং সন্তানের যত্ন শিশুদের স্কুলের জন্য প্রস্তুত হওয়ার উপর কীভাবে প্রভাব ফেলে?
- ছোট শিশু ও তাদের পরিবারের প্রয়োজনীয় স্বাস্থ্যসেবা এবং অন্যান্য সহায়তা পেতে কী কী কারণে অসুবিধা হতে পারে?
- যে বাবা-মায়েরা কেয়ারের অধীনে বড় হয়েছেন এবং যে পরিবারগুলো শিশু পরিষেবা থেকে সাহায্য পাচ্ছে, তাদের আমরা কীভাবে আরও ভালোভাবে সহায়তা করতে পারি?

আপনি কি জানেন: সুবিধাবঞ্চিত কিশোর-কিশোরীরা হয়তো প্রয়োজনীয় মানসিক স্বাস্থ্য সহায়তা থেকে বঞ্চিত হচ্ছে। তরুণ-তরুণীরা তাদের মানসিক স্বাস্থ্য সম্পর্কে যা বলেছিল, তার সঙ্গে NHS-এর রেকর্ড মিলিয়ে গবেষকরা এই বিষয়টি জানতে পেরেছেন।

রুটিন রেকর্ড থেকে তথ্য যোগ করার সিদ্ধান্ত কে নেন?

এই রেকর্ডগুলোর সবকটি, কিছু অংশ, নাকি একটিও তথ্য যোগ করা হবে না—সেটি সম্পূর্ণ আপনার সিদ্ধান্ত। আপনার অনুমতি নিয়েই আমরা এটি করব। আপনি যে সিদ্ধান্তই নিন না কেন, আপনি স্টাডিতে অংশ নিতে পারবেন এবং যেকোনো সময় আপনার সিদ্ধান্ত পরিবর্তন করতে পারবেন।

আপনার দেওয়া অনুমতি কখন শেষ হবে?

আমরা আপনার এবং আপনার সন্তানের অতীত, বর্তমান ও ভবিষ্যৎ পরিস্থিতি সম্পর্কিত রেকর্ড যোগ করব। আপনি আমাদের এটি বন্ধ করতে না বলা পর্যন্ত আমরা তা চালিয়ে যাব, এমনকি যদি আপনি ভবিষ্যতের সাক্ষাৎকারে অংশ না নেওয়ার সিদ্ধান্ত নেন বা আপনার সাথে আমাদের যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে যায়, সেক্ষেত্রেও।

শুধুমাত্র দীর্ঘ সাক্ষাৎকার প্রদানকারী মা-বাবাকেই আপনার সন্তানের রেকর্ড যুক্ত করার বিষয়ে জিজ্ঞাসা করা হবে। তাই এ বিষয়ে আপনার সন্তানের অন্য মা-বাবার সঙ্গে আলোচনা করে নিতে পারেন। আপনার সন্তানের জন্য দেওয়া অনুমতি 14 বছর বয়স পর্যন্ত স্বাস্থ্য সংক্রান্ত রেকর্ড এবং 16 বছর বয়স পর্যন্ত শিক্ষা সংক্রান্ত রেকর্ডের ক্ষেত্রে প্রযোজ্য। ইংল্যান্ড, ওয়েলস ও স্কটল্যান্ডে সোশ্যাল কেয়ার সংক্রান্ত রেকর্ডের জন্য দেওয়া অনুমতি 16 বছর বয়স পর্যন্ত প্রযোজ্য, আর উত্তর আয়ারল্যান্ডে 14 বছর বয়স পর্যন্ত। আপনার সন্তান বড় হয়ে নিজের জন্য নিজেই সিদ্ধান্ত নিতে পারবে।

আপনি কোথায় থাকেন সে সম্পর্কে তথ্য

আপনার স্থানীয় এলাকা ও বাড়ি সম্পর্কেও আমরা কিছু তথ্য যোগ করার পরিকল্পনা করছি, যেমন বায়ুদূষণ, সবুজ এলাকা, কাছাকাছি পরিষেবা এবং বাড়ির জ্বালানি ব্যবহারের দক্ষতা। এর সাহায্যে গবেষকরা বুঝতে পারেন, আপনার শিশুর স্বাস্থ্য ও

বিকাশের ওপর তার পরিবেশ কীভাবে প্রভাব ফেলে। এই তথ্যের বেশিরভাগই সর্বসাধারণের জন্য উন্মুক্ত এবং আপনার ব্যক্তিগত পর্যায়ে তথ্য নয়। তাই এগুলো যোগ করার জন্য আমরা আপনার অনুমতি চাই না। স্টাডিতে অংশ নেওয়া প্রত্যেকের ক্ষেত্রেই আমরা এটি করার পরিকল্পনা করেছি। তবে, আপনি চাইলে এই বুকলেটের পিছনে দেওয়া যোগাযোগের তথ্য ব্যবহার করে এতে অংশ না নেওয়ার সিদ্ধান্ত জানাতে পারেন।

আপনার গোপনীয়তা গুরুত্বপূর্ণ

তথ্য যোগ করার কাজটি **নিরাপদ ও গোপনীয়ভাবে** করা হয়। আপনার সঠিক তথ্যের সঙ্গে রেকর্ড মিলিয়ে নেওয়ার জন্য শুধুমাত্র সীমিত কিছু ব্যক্তিগত তথ্য, যেমন আপনার নাম ও ঠিকানা, ব্যবহার করা হয়। এই কাজটি নিরাপদ পরিবেশে বিশ্বস্ত প্রতিষ্ঠান ও বিশেষজ্ঞ গবেষকদের মাধ্যমে করা হয়। গবেষণার কাজে ব্যবহৃত সম্মিলিত ডেটা (আপনার স্টাডিতে দেওয়া উত্তর এবং অতিরিক্ত তথ্য)-তে আপনাকে শনাক্ত করা যায়, এমন কোনো ব্যক্তিগত তথ্য **কখনোই থাকে না**। সম্মিলিত গবেষণা তথ্য UK Data Service, UK Longitudinal Linkage Collaboration এবং অন্যান্য অনুরূপ পরিষেবার মাধ্যমে গবেষকদের কাছে উপলব্ধ করা হয়। আরও জানতে gnestudy.info/privacy দেখুন।

আপনি বা আপনার শিশু যেসব প্রতিষ্ঠানের পরিষেবা বা সুবিধা ব্যবহার করতে পারেন বা পেতে পারেন, সেই প্রতিষ্ঠানগুলোর কাছ থেকে আপনার স্টাডি-সংক্রান্ত তথ্য সম্পূর্ণ গোপন রাখা হয়।

কোনো প্রশ্ন আছে?

- gnestudy.info/adding-information দেখুন
- আপনার যেকোনো প্রশ্নের উত্তর দিতে আপনার সাক্ষাৎকার গ্রহণকারী খুশি মনে সাহায্য করবেন। এছাড়াও, 0800 151 0610 নম্বরে ফোন করে অথবা gnestudy@ipsos.com-এ ইমেইল করে স্টাডি টিমের সঙ্গে যোগাযোগ করতে পারেন।